দৈনিক
ইনকিলাব

তারিখ ..06 MAR 2013...
পৃষ্ঠা ... কলাম ...

# গণজাগরণ মঞ্চে জোর করে শিক্ষার্থীদের উপস্থিত করায় অভিভাবকদের ক্ষোভ

□ স্টাফ রিপোর্টার

রাজধানীর যাত্রাবাড়ীতে গণজাগরণ মঞ্চের সমাবেশে স্কুল কলেজের শিক্ষার্থীদের জোর করে উপস্থিত করায় অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করেছেন। গতকাল মঙ্গলবার যাত্রাবাড়ী, ডেমরা, কদমতলী, সূত্রাপুর থানা এলাকার অধিকাংশ স্কুল-কলেজের শিক্ষার্থীদের ছুটি না দিয়ে গণজাগরণ মঞ্চের সমাবেশে যেতে বাধ্য করানো হয়। ছুটির পর স্কুল, কলেজের প্রধান গেইট বন্ধ রাখা হয় যাতে কেউ বের হতে না পারে।

এরপর তাদেরকে জোর করে গাড়িতে তুলে, কোনো কোনো স্কুল-কলেজের শিক্ষার্থীদের মিছিলসহকারে যাত্রাবাড়ীর সমাবেশে নিয়ে যাওয়া হয়। জোরপূর্বক গণজাগরণ মঞ্চের সমাবেশে নেয়া পৃঃ ১২ কঃ ৩

## অভিভাবকদের ক্ষোভ

১৬-এর পৃষ্ঠার পর

নিয়ে অভিভাবকরা তীব্র ক্ষোভ প্রকাশ করেন। স্কুলের গেটের সামনে অভিভাবকদের বিক্ষোভ করতেও দেখা গেছে। দনিয়া এ কে স্কুলের এক শিক্ষার্থীর অভিভাবক ক্ষোভ প্রকাশ করে বলেন, আমার সন্তান সেই সাত সকালে কোচিংয়ের উদ্দেশে বাসা থেকে বের হয়েছে। কোচিং থেকে সে স্কুলে এসেছে। এখন তাকে জোর করে সমাবেশে নিয়ে যাওয়া হচ্ছে শুনে এখানে এসেছি। তিনি বলেন, আমি শিক্ষকদের কাছে অনুরোধ করেছি আমার ছেলেকে না নেয়ার জন্য। কিন্তু তারা আমার অনুরোধ রাখেননি। একইভাবে ক্ষোভ জানালেন, পাটেরবাগের গৃহবধূ শারমিন আক্তার। তিনিও সন্তানকে নিতে এসে শুনেছেন সমাবেশে নিয়ে যাওয়া হয়েছে তাকে। তিনি ক্ষোভে-দুঃখে কান্নায় ভেঙে পড়েন। এ ব্যাপারে জানতে চাইলে এ কে স্কুল ও কলেজের অধ্যক্ষ সেলিম ভূঁইয়া বলেন, আমি ছুটিতে আছি। বিষয়টি আমার জানা নেই। দনিয়া নয়াপাড়ার বাসিন্দা নূরে আলম শামীম বলেন, আমার দুই ছেলে বর্ণমালা আদর্শ উচ্চ বিদ্যালয়ে যথাক্রমে ৬ষ্ঠ ও অষ্টম শ্রেণীতে পড়ে। স্কুল ছুটির পর ছাত্রছাত্রীদের জোরপূর্বক যাত্রাবাড়ী গণজাগরণের সমাবেশে পাঠানো হয়েছে। তিনি বলেন, আমার ছেলে সমাবেশে যাবে কি যাবে না এই সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা স্কুল কর্তৃপক্ষকে আমি দেইনি। এটা কোনো লেখাপড়ার অংশ নয় যে স্কুল কর্তৃপক্ষ সেটা বাধ্যতামূলক করবে। শামীম বলেন, আমি বর্ণমালার প্রিন্সিপালকে ফোন করে জানতে চেয়েছিলাম কেন তিনি ছাত্রছাত্রীদের বাধ্যতামূলক সমাবেশে পাঠাচ্ছেন। উত্তরে তিনি বলেন, চাপের মধ্যে আছি। উপরের নির্দেশ আছে। তাই সব শিক্ষার্থীকে পাঠানো হয়েছে। একইভাবে, দনিয়া কলেজের শিক্ষার্থীদেরও সমাবেশে যোগদানে বাধ্য করা হয়েছে বলে বেশ কয়েকজন অভিভাবক অভিযোগ করেছেন। এছাড়া মুরাদপুর স্কুল, ডেমরা শামসুল হক খান স্কুলসহ তিন থানার অর্ধশতাধিক স্কুলের কোমলমতি শিক্ষার্থীদের গণজাগরণ মঞ্চের সমাবেশে উপস্থিত হতে বাধ্য করানো হয়েছে। এতে বহু অভিভাবক ক্ষোভ প্রকাশ করেছেন।